



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং- মশিবো/ক/শের/২০৯০

তারিখঃ ১৭/০১/২০২৪ খ্রি.

বিষয় : শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন “ভারেরা এস.পি স্কুল এন্ড কলেজ” এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ২৪/০৫/২০২৩ তারিখের ৪র্থ মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন “ভারেরা এস.পি স্কুল এন্ড কলেজ” -এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো। এ অনুমতি নিম্নোক্ত শর্তে ০১/০৭/২০২৩ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য প্রদান করা হলো।

শাখা সমূহ	আবশ্যিক বিষয়	শাখা ভিত্তিক বিষয়
		মানবিক শাখা
(১) মানবিক	(১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(১) অর্থনীতি (২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৩) সমাজকর্ম (৪) পৌরনীতি ও সুশাসন

### শর্তসমূহ :

- উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে।
- সরকারি বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ করতে হবে।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডি'র ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা-২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
  - উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
  - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
  - অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

অধ্যক্ষ

ভারেরা এস.পি স্কুল এন্ড কলেজ (EIN-113930)

শ্রীবরদী, শেরপুর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

(প্রফেসর প্রাণেশ রঞ্জন রায়)

কলেজ পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

তারিখঃ ১৭/০১/২০২৪ খ্রি.

স্মারক নং- মশিবো/ক/শের/২০৯০(৮)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলে:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- জেলা প্রশাসক, শেরপুর।
- জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- এসিসট্যান্ট প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- অফিস কপি।

  
17.01.2024

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

